

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৩৭৫

বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক পথে মোট ৭,০০০ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৬৩)।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর ১৬-০৪-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.২৬১.৫০.০০১০.২৪.৩৬৮ নং স্মারক ও ২২-০৪-২০২৫ খ্রি.

১৩.০১.০০০০.০০০.২৬১.৫০.০০১০.২৪.৩৯৬ নং স্মারক

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ২১-০৪-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৪০২.৫০.০০০১.২৫.৪৫৬ নং স্মারক

৩। খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২০-০৪-২০২৫ খ্রি. ১৩.০০.০০০০.০০০.০৪৬.৩৩.০০০১.২৪.১১৬ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর বিভাগের এলএসডিসমূহে মে'২৫-জুন'২৫ মাসে ওএমএস, ইপি-ওপিসহ অন্যান্য খাতে বিলি-বিতরণ জন্য সূত্র ১ নং স্মারকে গমের চাহিদা এ দপ্তরে প্রাপ্ত হয়েছে। সূত্র ২ নং স্মারকে বিদেশ থেকে আগতব্য জাহাজ খালাসের স্বার্থে চট্টগ্রাম সাইলোতে পর্যাপ্ত পরিমাণ খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পরিমাণ গমের সূচি জারির জন্য বিনীত অনুরোধ জানিয়েছেন। সূত্র ৩ নং স্মারকে তালিকাভুক্ত ময়দামিলের অনুকূলে মে ২০২৫ মাসের জন্য বরাদ্দকৃত গম এপ্রিল ২০২৫ মাসে উত্তোলন করতে হবে। যে সকল জেলায় বরাদ্দকৃত গম এপ্রিল ২০২৫ মাসে উত্তোলন করা সম্ভব হবে না সে সকল জেলার গম ০৮ মে ২০২৫ তারিখের মধ্যে গুদাম হতে উত্তোলন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, রংপুর বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও আশুগঞ্জ সাইলোতে মজুত গড়ার জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক পথে মোট ৭,০০০ (সাত হাজার) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ সাইলো	৪০০০	বস্তাবন্দি গম	সড়ক পথ	চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন
২.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	কুড়িগ্রাম	কুড়িগ্রাম এলএসডি	১০০০	ঐ	ঐ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন
৩.	ঐ	ঐ	রংপুর	রংপুর এলএসডি	২০০০	ঐ	ঐ	
				মোট =	৭০০০			

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহন কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো, নারায়ণগঞ্জ সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহন করবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।

৭। ডি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ১৪-০৫-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৩০-০৪-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা  
উপপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ।

৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৩৭৫/১ (৭)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর।
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....।
- ৬। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি।



*(Signature)*

৩০-০৪-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা  
উপপরিচালক